


# ভর্তির প্রক্রিয়ায় হালনাগাদসমূহ

## পরিবারের জন্য তথ্য

## কি পরিবর্তন হয়েছে?

কিন্ডারগার্টেন (Kindergarten) থেকে ইয়ার ১২ (Year 12) পর্যন্ত ভর্তির পদ্ধতিতে নিম্নলিখিত পরিবর্তনগুলো করা হয়েছে এবং 2026 সালের টার্ম ১ থেকে শুরু হওয়া সমস্ত সরকারী স্কুলের ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য।

### স্থানীয় এলাকার বাইরে ভর্তির হালনাগাদ

2025 সালে, আমরা নির্দিষ্ট শিক্ষা ও সুস্থতার চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের, বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের এবং স্কুল কর্মীদের সন্তানদের জন্য স্থানীয় নয় এমন ভর্তির আবেদনগুলোকে অগ্রাধিকার দেওয়ার মানদণ্ড চালু করেছি।

2026 সালে, স্থানীয় নয় এমন ভর্তির ক্ষেত্রেও অগ্রাধিকার দেওয়া হবে:

- আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডার শিক্ষার্থীদের, তাদের সাংস্কৃতিক, পারিবারিক এবং kinship connections-কে স্বীকৃতি দিতে।
- Kindergarten-এ ভর্তি হতে যাওয়া শিক্ষার্থীরা যারা NSW-এ সরকারী স্কুলের সাথে অবস্থিত একটি সরকারী প্রি-স্কুলে পড়েছে।

### প্রতিরক্ষা সদস্যদের সন্তানদের জন্য আরও নমনীয়তা

স্থানান্তর এবং বাসস্থান নিশ্চিত করার সময় প্রতিরক্ষা সদস্যদের সন্তানদের জন্য স্কুলে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয়তায় আরও বেশি নমনীয়তা নিশ্চিত করতে ভর্তির প্রক্রিয়াগুলো হালনাগাদ করা হচ্ছে।

### আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডারের kinship-এর স্বীকৃতি

স্কুলগুলোতে আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডার শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে আরও নমনীয়তা থাকবে, যার মধ্যে রয়েছে kinship connections, সাংস্কৃতিক নিরাপত্তা, আদিবাসী ভাষা অধ্যয়নের সুযোগ এবং Sorry Business -এর মতো সাংস্কৃতিক দায়িত্ব।

### আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের জন্য ধারাবাহিকতা

জামিনে থাকা বা যুব বিচার কেন্দ্র এবং কাস্টডিতে থাকা স্কুল পরিবর্তনকারী শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট নির্দেশনা অন্তর্ভুক্ত করা হচ্ছে এবং এই শ্রেণীর শিক্ষার্থীদের স্থানীয় ভর্তির আবেদন এখন ২ স্কুল দিনের মধ্যে প্রক্রিয়া করা হবে।


NSW GOVERNMENT

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### এই পরিবর্তনগুলো কি আমার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য?

NSW-এর সরকারী স্কুলে ভর্তির পদ্ধতিতে 2026 সালের পরিবর্তনগুলো আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে যদি:

- আপনার সন্তান একজন আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডার হয় যার kinship, ভাষা বা সাংস্কৃতিক বিবেচনা রয়েছে
- আপনার শিশু আউট-অফ-হোম কেয়ারে ছিল, জামিনে রয়েছে, অথবা স্কুল থেকে যুব বিচার কেন্দ্র বা কাস্টডিতে স্থানান্তর করতে যাচ্ছে।
- আপনার সন্তানের পিতামাতার মধ্যে একজন প্রতিরক্ষা বাহিনীতে কাজ করেছেন বা বর্তমানে কর্মরত আছেন এবং অস্ট্রেলিয়ান প্রতিরক্ষা বাহিনীর জন্য কাজ করার ফলে স্থানান্তরের প্রয়োজনীয়তার কারনে প্রভাবিত হতে পারেন।

### প্রতিটি স্কুলকে কি এই পরিবর্তনগুলো প্রয়োগ করতে হবে?

স্কুলের ভর্তির প্রাপ্যতার উপর নির্ভর করে, স্কুলগুলোকে 2026 সালের টার্ম ১-এর জন্য ভর্তি হওয়া স্থানীয় নয় এমন শিক্ষার্থীদের জন্য পরিবর্তনগুলো প্রয়োগ করতে হবে।

স্থানীয় নয় এমন শিক্ষার্থীদের জন্য ভর্তির প্রক্রিয়ার পরিবর্তনগুলো বিশেষায়িত সেটিং বা প্রোগ্রামের যোগ্যতার প্রয়োজনীয়তাকে প্রভাবিত করবে না, যেমন সম্পূর্ণ সিলেক্টিভ স্কুল, নির্দিষ্ট উদ্দেশ্যের স্কুল (schools for specific purposes (SSPs)), দূরশিক্ষা স্কুল, এবং এমন স্কুল যেখানে ক্লাস বা প্রোগ্রামের জন্য নির্দিষ্ট যোগ্যতার প্রয়োজনীয়তা থাকে (উদাহরণস্বরূপ, অপর্চুনিটি ক্লাস, বিশেষায়িত খেলাধুলা এবং/অথবা সৃজনশীল বা পারফর্মিং আর্ট স্ট্রিম)। এই স্কুলগুলো তাদের নিজস্ব প্রক্রিয়া, যোগ্যতার মানদণ্ড এবং মূল্যায়নের অধীনে পরিচালিত হয় এবং তারা তাদের বর্তমান ভর্তির প্রক্রিয়াগুলো চালিয়ে যাবে।

একক লিঙ্গের স্কুলগুলোকে অবশ্যই পরিবর্তনগুলো প্রয়োগ করতে হবে যদি ভর্তি হতে চাওয়া শিশু সেই লিঙ্গের জন্য স্কুলের যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করে। এই পরিবর্তনগুলো কীভাবে প্রযোজ্য তা জানতে সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

### আমার সন্তান যদি হালনাগাদ করা মানদণ্ড পূরণ করে, তাহলে কি স্থানীয় নয় এমন তালিকাভুক্তির জন্য আমার আবেদন স্বয়ংক্রিয়ভাবে গৃহীত হবে?

এই পরিবর্তনগুলো আপনার শিশুর স্থানীয় নয় এমন সরকারী স্কুলে ভর্তি নিশ্চিত করবে না। যেসব স্কুলে অ-স্থানীয় এবং স্থানীয় উভয় ভর্তির সুযোগ রয়েছে, তারা আপনার আবেদন বিবেচনা করবে। যেসব স্কুলে অ-স্থানীয় ভর্তির সীমিত সুযোগ রয়েছে, তারা অ-স্থানীয় ভর্তিতে অগ্রাধিকার দেবে নিম্নলিখিত শিক্ষার্থীদের জন্য:

- শিক্ষা ও সুস্থতা প্রয়োজন, যার জন্য যুক্তিসঙ্গত সমন্বয় বা অতিরিক্ত শিক্ষাগত সহায়তা প্রয়োজন, যার মধ্যে অন্তর্ভুক্ত হল:
  - সাংস্কৃতিক বিবেচনা এবং/অথবা পারিবারিক ও kinship connections সহ আদিবাসী এবং/অথবা টোরেস স্ট্রেইট আইল্যান্ডার শিক্ষার্থীরা
  - প্রতিবন্ধী
  - বিকাশগত বয়স
  - ট্রমা
  - শিশু সুরক্ষা সম্পর্কিত উদ্বেগ
  - চিকিৎসাগত এবং ব্যক্তিগত প্রয়োজন ও পরিস্থিতি
- বর্তমানে স্কুলে পড়া শিক্ষার্থীদের ভাইবোন, সহায়তা ইউনিটে থাকা শিক্ষার্থীদের ভাইবোনদের অগ্রাধিকার দেওয়া হবে
- একজন আগত Kindergarten শিক্ষার্থী যে স্কুলের সাথে অবস্থিত একটি সরকারী প্রি-স্কুলে পড়েছেন।

আরও তথ্যের জন্য সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

### এটার মানে কি, এখন থেকে শুধুমাত্র অ-স্থানীয় ভর্তির অগ্রাধিকার মানদণ্ড পূরণ করা শিক্ষার্থীরাই গ্রহণযোগ্য হবে?

না, অভিভাবকরা তাদের শিশুকে যে কোনো সরকারি স্কুলে ভর্তি করার জন্য আবেদন করতে পারেন, যদি শিশু স্কুলে অংশগ্রহণের যোগ্য হয় এবং স্কুলে ভর্তির জন্য পর্যাপ্ত আসন থাকে। যেসব স্কুলে অ-স্থানীয় ভর্তির আসন সীমিত, তাদেরকে হালনাগাদ অ-স্থানীয় ভর্তি মানদণ্ড অনুযায়ী আবেদনগুলো অগ্রাধিকার দিয়ে বিবেচনা করতে হবে।

### আমার পূর্বের অ-স্থানীয় ভর্তির আবেদন প্রত্যাখ্যাত হয়েছিল, কিন্তু এখন আমার শিশু হালনাগাদ মানদণ্ড পূরণ করছে। আমি কি পুনরায় আবেদন করতে পারি?

হ্যাঁ। যদি আপনি 2026 সালে আপনার সন্তানের স্থানীয় নয় এমন কোনও স্কুলে ভর্তির জন্য আবেদন করে থাকেন এবং আবেদনটি প্রত্যাখ্যান করা হয়, তাহলে আপনি পুনরায় আবেদন করতে পারেন যদি আপনার শিশু হালনাগাদ অ-স্থানীয় ভর্তি মানদণ্ড পূরণ করে। অনুগ্রহ করে নিচের অংশে উল্লেখিত ধাপগুলো অনুসরণ করুন: "আমি কীভাবে আমার শিশুকে ভর্তি করা স্কুল পরিবর্তন করব?"

### আমি Year 6 থেকে 7-তে স্থানান্তরের জন্য আগ্রহ প্রকাশ (Expression of Interest (EOI)) জমা দিয়েছি। আমি কি আমার শিশুর ভর্তি করা স্কুল পরিবর্তন করতে পারি?

হ্যাঁ। যদি আপনার শিশু হালনাগাদ অ-স্থানীয় ভর্তির মানদণ্ড পূরণ করে, তাহলে আপনি আপনার পছন্দের অ-স্থানীয় স্কুলে একটি নতুন আবেদন জমা দিতে পারেন, এমনকি আপনি ইতিমধ্যেই Year 6 থেকে 7-এ স্থানান্তরের জন্য EOI জমা দিয়ে থাকেন। অনুগ্রহ করে নিচের অংশে উল্লেখিত ধাপগুলো অনুসরণ করুন: "আমি কীভাবে আমার শিশুকে ভর্তি করা স্কুল পরিবর্তন করব?"

### আমি কীভাবে আমার শিশুকে ভর্তি করা স্কুল পরিবর্তন করব?

যেসব অভিভাবক বা পরিচর্যাকারী তাদের শিশুকে অ-স্থানীয় স্কুলে ভর্তি করতে চান, তাদেরকে ভর্তির পরিবর্তন করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে:

**অনলাইন ভর্তি আবেদন**

1. আপনি যে সরকারী স্কুলে ভর্তি হতে চান তার ওয়েবসাইটে যান এবং মেনু অপশন থেকে ভর্তিতে (enrolment)ক্লিক করুন।
2. ভর্তির ওয়েবপেজে, কিভাবে ভর্তি করবেন (how to enrol) শিরোনামের অধীনে অনলাইন ভর্তি আবেদন (online enrolment application) লিঙ্কে ক্লিক করুন।
3. একবার আপনি ভর্তি আবেদন জমা দিলে, স্কুল আপনাকে একটি অফার দিতে পারে, যা আপনাকে ১৪ দিনের মধ্যে গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গ্রহণ করা হয়, তাহলে আপনার শিশুর পূর্ববর্তী স্কুলের সঙ্গে যোগাযোগ করে সেই ভর্তিকে প্রত্যাহার করুন।

**কাগজভিত্তিক আবেদন ফর্ম**

1. অ-স্থানীয় সরকারী স্কুলের সঙ্গে যোগাযোগ করুন এবং জানতে চেষ্টা করুন তারা আপনার শিশুকে ভর্তি করতে পারবে কি না।
2. যদি স্কুল আপনার শিশুকে ভর্তি করতে পারে, তাহলে একটি নতুন কাগজভিত্তিক আবেদন ফর্ম পূরণ করুন, যা স্কুল থেকে প্রদান করা হবে।
3. একবার আপনি ভর্তি আবেদন ফর্ম জমা দিলে, স্কুল আপনাকে একটি অফার দিতে পারে, যা আপনাকে ১৪ দিনের মধ্যে গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গ্রহণ করা হয়, তাহলে আপনার শিশুর পূর্ববর্তী স্কুলের সঙ্গে যোগাযোগ করে সেই ভর্তিকে প্রত্যাহার করুন।

## যদি আমার কাছে স্থায়ী ঠিকানা বা প্রয়োজনীয় পরিচয় সংক্রান্ত নথি না থাকে, তবে কী হবে?

কিছু পরিস্থিতিতে একজন শিক্ষার্থী ঠিকানার প্রমাণ ছাড়াই ভর্তি হতে পারে। এই পরিস্থিতিগুলো অন্তর্ভুক্ত হতে পারে, তবে এর মধ্যে সীমাবদ্ধ নয়: সাংস্কৃতিক বিবেচনা, প্রতিরক্ষা সদস্যদের সন্তান এবং আউট-অফ-হোম কেয়ারে থাকা শিশু বা কিশোর, জামিনে থাকা, অথবা স্কুল থেকে যুব বিচার কেন্দ্র বা কাস্টডিতে স্থানান্তর করতে যাচ্ছে এমন শিশু বা কিশোর। যদি আপনার মনে হয় এটি আপনার পরিস্থিতির জন্য প্রযোজ্য হতে পারে, তবে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

## 2025 সালের ভর্তি নীতি এবং পদ্ধতির পরিবর্তনগুলো কি এখনও প্রযোজ্য?

হ্যাঁ। 2025 সালে প্রবর্তিত পরিবর্তনগুলো 2026 সালের ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য থাকবে। এর মধ্যে রয়েছে:

- স্থায়ী নয় এমন রেসিডেন্ট ভিসা থাকা সব শিক্ষার্থী তাদের বাসস্থানের ঠিকানার ভিত্তিতে স্থানীয় পাবলিক স্কুলে ভর্তি হতে পারে।
- বর্তমানে সরকারী স্কুলে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের স্থানীয় নয় এমন ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হয় এবং যোগ্য মূলধারার স্কুলগুলোতে সহায়তা ক্লাসে শিক্ষার্থীদের ভাইবোনদের অগ্রাধিকার দেওয়া হয়।
- স্কুল কর্মীদের সন্তানদের সরকারী স্কুলে স্থানীয় নয় এমন ভর্তির জন্য বিবেচনা করা যেতে পারে।

এই পরিবর্তনগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য, অথবা এগুলো আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য কিনা তা যাচাই করার জন্য, সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

## আমি আরও তথ্য কোথায় পেতে পারি?

**ভর্তির জন্য, আপনার পছন্দের স্কুলের সাথে যোগাযোগ করুন। আপনার স্কুলের যোগাযোগের বিবরণ এখানে খুঁজে বের করুন:**
education.nsw.gov.au/find-a-public-school

**NSW সরকারি স্কুলে ভর্তির পদ্ধতি সম্পর্কে আরও তথ্যের জন্য:**
education.nsw.gov.au/enrolment

**NSW সরকারি স্কুলে অস্থায়ী বাসিন্দা হিসেবে ভর্তির পদ্ধতি সম্পর্কে আরও তথ্যের জন্য:**
https://www.deinternational.nsw.edu.au/

**সাধারণ ভর্তি সংক্রান্ত জিজ্ঞাসার জন্য, শিক্ষা বিভাগের প্রধান কার্যালয়ের সঙ্গে যোগাযোগ করুন:** 1300 679 332

**টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা**

যদি আপনার কোনও স্কুল বা শিক্ষা বিভাগের সাথে যোগাযোগ করার জন্য একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 13 14 50 নম্বরে টেলিফোন দোভাষী সেবাব্যবস্থায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। আপনি যে ফোন নম্বরে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য একজন দোভাষীকে লাইনে পাঠাবে। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।